গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

তারিখ: ৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৪৩

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তিঃ ক্রমিক নম্বর ০১ (এক), তারিখ: ২২.১০.২০২৩খ্রিঃ**

দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি ঘণীভূত হয়ে একই পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় (১৪.৮° উত্তর অক্ষাংশ এবং ৮৬.১° পূর্ব দ্রাঘিমাংশ) নিম্নচাপে পরিণত হয়েছে। এটি আজ (২২ অক্টোবর ২০২৩) সকাল ০৬ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ১০৪০ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৯৮৫ কি.মি. পশ্চিম-দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৯৩৫ কি.মি. দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৯২৫ কি.মি. দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরো ঘণীভুত হতে পারে।

নিম্নচাপ কেন্দ্রের ৪৪ কি.মি. এর মধ্যে বাতাসের একটানা সবোর্চ্চ গতিবেগ ঘণ্টায় ৪০ কি.মি., যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৫০ কি.মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। গভীর নিম্নচাপ কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর উত্তাল রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০১ (এক) নম্বর (পুনঃ) ০১ (এক) নম্বর দূরবর্তী সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সেই সাথে তাদেরকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হলো।

**২। আজ ২২ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**৩। আজ ২২ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন পূর্ব-মধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত লঘুচাপটি ঘণীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপে পরিনত হয়ে দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন মধ্য বঙ্গোপসগার এলাকায় অবস্থান করছিল। এটি আরও ঘনীভূত হয়ে নিম্নচাপে পরিণত হয়ে পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় (১৪.৮ ডিগ্রি উত্তর অক্ষাংশ, ৮৬.১ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আরও ঘনীভূত হতে পারে।

**পূর্বাভাস :**

**প্রথম দিন (২২.১০.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে; তবে খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় হালকা বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

**দ্বিতীয় দিন (২৩.১০.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (২৪.১০.২০২৩ তারিখ সকাল ০৯ টা থেকে):**

**বৃষ্টিপাত:** খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা

হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির প্রবণতা বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.৬ | ৩২.৫ | ৩২.২ | ৩৩.০ | ৩৪.৩ | ৩৬.০ | ৩৪.০ | ৩৩.৬ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২০.৫ | ২০.৮ | ১৬.৮ | ২১.৫ | ২১.৯ | ২৩.০ | ২০.২ | ২৩.০ |

**গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল কক্সবাজার ৩৬.০° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৬.৮° সেঃ।**

**(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।**

**৪। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

**(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২০ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২১ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৪ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ২ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ৩ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ৩ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ২ | ০ | ০ |
| ৬। | চট্টগ্রাম | ২ | ০ | ০ |
| ৭। | খুলনা | ২ | ০ | ০ |
| ৮। | রংপুর | ০ | ০ | ০ |
| | **মোট** | **১৪** | **০** | **০** |

**৫। নদ-নদীর পানি ও বৃষ্টিপাতের অবস্থাঃ**

(০৬ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/২২ অক্টোবর, ২০২৩ খৃঃ)

- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের সকল নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

**নদ-নদীর পানি সমতলঃ**

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশনঃ**

| নদীর নাম | পানি সমতল স্টেশন | বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

**নদ-নদীর অবস্থাঃ**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ০৯ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৯৬ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০৪ | বিপদসীমার উপরে | **০০** |
| **বন্যা আক্রান্ত জেলার সংখ্যা (পর্যবেক্ষণকৃত ষ্টেশন সমূহের তথ্যের ভিত্তিতে)** | | | **০০** |
| **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | | | ০০ |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ**

বাংলাদেশের অভ্যন্তরেঃ **নেই।**

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|
| - | - |

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ **নেই।**

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
| --- | --- |
| - | - |

২২-১০-২০২৩
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৪৩/১ (১৩)

তারিখ: ৬ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩। সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৭। বিভাগীয় কমিশনার (সকল);
৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
৯। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১০। জেলা প্রশাসক (সকল);
১১। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এবং
১৩। সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

২২-১০-২০২৩
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা